গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৫-০৫-২০২১।
সভার সময়	বেলা ১১.৫০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম পাসম জানান যে, ৫০৯৯৪.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ জুন, ২০২১ পর্যন্ত। মে, ২০২১ পর্যন্ত প্রকল্প কাজের বাস্তব অগ্রগতি ৭৭.৯৫% এবং আর্থিক অগ্রগতি ৬৫.৫২%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ব্রিগেডিয়ার জেনারেল ও প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী) জানান যে, পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন ১৪.০০ মিটার (পিডব্লিউডি) আর এল এ উন্নীত করতে জমি ভরাট এর জন্য অতিরিক্ত মাটি/বালির পরিমাণ সংযোজন, প্রাকৃতিক জলাধার ঠিক রেখে প্রকল্পের অভ্যন্তরে Drainage Facility বাড়ানোর জন্য ক্রসবার-০৪ এর সাথে ৮৪ মিটার দৈর্ঘের একটি আর্চ ব্রীজ কাম আউটলেট অন্তর্ভূক্ত করে ডিপিপি সংশোধনের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের প্রস্তাবিত ব্যয় ৬৩৮.১৫ কোটি টাকা (যা অনুমোদিত ডিপিপি অপেক্ষা ২৫.১৪% বেশী) ও প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধনের বিষয়টি একনেকে প্রক্রিয়াধীন। সভায় সভাপতি বলেন, এ এলাকায় একটি অর্থনৈতিক অঞ্চল ও অনেক শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠবে এবং এখান থেকে বিপুল পরিমাণে উৎপাদিত পণ্য পরিবহন হবে যার মাধ্যম হবে জল পথ, রেল পথ এবং সড়ক পথ। বিষয়টি বিবেচনায় রেখে প্রকল্পের আনুসঙ্গিক কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও বাঁধের উপরের রাস্তা দিয়ে অধিক ওজনের পণ্যবাহি পরিবহন যাতায়াত করবে বিধায় যথাযথ স্পেসিফিকেশন মোতাবেক রাস্তা নির্মাণের নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ক্রসবার-০৪ এর নিকট আর্চ ব্রীজ নির্মিত হলে স্থানীয় জনসাধারণের জন্য একটি দর্শনীয় স্থান হবে বিধায় আর্চ ব্রীজটি দৃষ্টিনন্দন নকশা অনুযায়ী নির্মাণ করার জন্য মতামত ব্যক্ত করেন। নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক জানান যে, পরিকল্পনা কমিশনের প্রি-একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সমন্বয়ে গঠিত টীম প্রকল্প এলাকা পরিদর্শন করেন। এছাড়াও বাপাউবোর ডিজাইন শাখার কারিগরি কমিটি প্রকল্প এলাকা পরিদর্শন শেষে ক্রসবার-০৪ এর নিকট একটি আর্চ ব্রীজ এর যৌক্তিকতা সুপারিশ করায় আরডিপিপিতে এ ব্রীজটি অন্তর্ভূক্ত করা হয়। তিনি আরও জানান বর্ষাকালীন সময় আর্চ ব্রীজ এর নীচ দিয়ে পণ্যবাহী নৌযান যাতায়াত করবে বিধায় ব্রীজ ডিজাইনটি সিঙ্গেল স্প্যান করা হয়।	(ক) প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) আগামী ২০২১-২০২২ অর্থ বছরে প্রকল্পের অবশিষ্ট অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে ৮৪ মিটার দৈর্ঘ্যের ব্রীজ নির্মাণের জন্য দ্রুত ডিজাইন প্রস্তুতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	(ক) বাপাউবো ও পরিকল্পনা উইং, পাসম। (খ) পরিকল্পনা উইং, পাসম। (গ) বাস্তবায়নে: বাপাউবো।

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০০৭.২১-২৩৫

তারিখ: ২ আষাঢ় ১৪২৮
১৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী।
১৩) উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) প্রকল্প পরিচালক (বাংলাদেশ সেনাবাহিনী), "সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা প্রকল্প" শীর্ষক প্রকল্প, ২৫ ইসিবি, মিরপুর আর্মি ক্যাম্প, ঢাকা।
১৭) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা" শীর্ষক প্রকল্প, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।
২০) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব